

## প্রতিটি কুলে নববর্ষ উদযাপনের নির্দেশ

নিম্নরূপ প্রতিবেদক

জাতীয়ভাবে বাংলা নববর্ষ উদযাপনের অংশ হিসেবে দেশের প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে আকর্ষণমূলকভাবে নববর্ষ উদযাপনের নির্দেশ দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট শিক্ষা মন্ত্রণালয় থেকে সর্বশেষের এ নির্দেশ পাঠানো হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা নির্দেশনামায় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে নিজ নিজ ব্যবস্থাপনায় নববর্ষ উৎসব আয়োজন করতে বলা হয়েছে। এর মধ্যে রাজধানীর নানতন তিনটি কুলে বিশেষ মেলা আয়োজন করতে বলা হয়েছে। এসব কুলের অনুষ্ঠানে সংক্ৰতিবিষয়ক মন্ত্রণালয় বনিটরিং করবে বলেও জানানো হয়েছে। আয়োজনের মধ্যে দেশীয় খেলা গোল্লাছুট, মাড়িয়াবাছা, ডামুদি ইত্যাদি রাখার পরামর্শ দেওয়া হয়েছে। ওই দিন শিক্ষার্থীদের কুলে আসতে উৎসাহিত করতে খাবারের ব্যবস্থা করতেও বলা হয়েছে। এ প্রসঙ্গে শিক্ষামন্ত্রী মুরশ্বদ ইসলাম নাহিদ বলেন, বাংলা বর্ষবরণ বাঙালির সর্বজনীন উৎসব। অসাম্প্রদায়িক চেতনার বহনম উৎসব। বাঙালির আপন সংক্ৰতির সঙ্গে পরিচয় করিয়ে দিতেই শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে বর্ষবরণ অনুষ্ঠান আয়োজনের নির্দেশ দেওয়া হয়েছে।